দৈনিক ইত্তেফাক

১৬

তারিখ ... ... NOV 28 1999...
পৃষ্ঠা ১ ... কলাম ৬......

# আজ ডিগ্রী পরীক্ষা শুরু

*ইত্তেফাক রিপোর্ট ॥ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে আজ (রবিবার) হইতে ১৯৯৯ সালের ডিগ্রী পরীক্ষা শুরু হইতেছে। সারাদেশের মোট ৫৮৮টি কেন্দ্রের মাধ্যমে ২ লক্ষ ৬৮ হাজার ৩৭৯ জন পরীক্ষার্থী এই পরীক্ষায় অংশ নিতেছে। ইহার মধ্যে বিএ ১ লক্ষ ২৬ হাজার ৫৭১ জন, বিএসএস ৭৮ হাজার ৮৫৬ জন, বিএসসি ২০ হাজার ৭৫০ জন, বিকম ৩৯ হাজার ৯৫ জন, বিমিউজিক ৩০ জন এবং সার্টিফিকেট কোর্সে ৩ হাজার ৭৭ জন ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করিতেছে। মোট পরীক্ষার্থীর মধ্যে ১ লক্ষ ৮৪ হাজার ৬৭ জন ছাত্র এবং ৮৪ হাজার ৩১২ জন ছাত্রী।*

*ভুলে ভরা প্রবেশপত্র ও রেজিষ্ট্রেশন কার্ড এবং পরীক্ষার খাতার (উত্তরপত্র) স্বল্পতাসহ এক চরম অব্যবস্থাপনার মধ্যে এই ডিগ্রী পরীক্ষা শুরু হইতেছে। গতকাল পর্যন্ত দেশের অনেক পরীক্ষা কেন্দ্রে উত্তরপত্র পৌছায় নাই। অনেক পরীক্ষার্থী প্রবেশপত্র পায় নাই। নূতন নিয়ম অনুযায়ী এই বৎসর হইতে ডিগ্রী পরীক্ষার্থীদের প্রবেশপত্রে কোন ছবি থাকিবে না। ফলে সকল পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্রে বাধ্যতামূলকভাবে রেজিষ্ট্রেশন কার্ড নিয়া যাওয়ার বিধান করা হইয়াছে। প্রবেশপত্র ও রেজিষ্ট্রেশন কার্ড সময়মত না পাওয়ায় অসংখ্য ছাত্র-ছাত্রীর পরীক্ষা দেওয়া অনিশ্চিত হইয়া পড়িয়াছে।*

*এদিকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের* (২য় পৃষ্ঠায় ১-এর কঃ দ্রঃ)

## আজ ডিগ্রী পরীক্ষা শুরু

(প্রথম পৃষ্ঠার পর)

এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হইয়াছে, সুষ্ঠু, দুর্নীতি ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে ইতিমধ্যে প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা ও প্রস্তুতি সম্পন্ন করা হইয়াছে। পরীক্ষা কেন্দ্রসমূহ পরিদর্শনের জন্য অধিভুক্ত কলেজসমূহের শিক্ষক ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তাদের সমন্বয়ে শক্তিশালী ভিজিলেন্স টীম গঠন করা হইয়াছে। সুষ্ঠুভাবে পরীক্ষা পরিচালনার জন্য সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তাদের প্রয়োজনীয় ক্ষমতা প্রদানসহ তাহাদের বরাবর প্রয়োজনীয় নির্দেশনাবলীও প্রেরণ করা হইয়াছে। পরীক্ষা সংক্রান্ত যে কোন তথ্য জানার প্রয়োজন হইলে ঃ ৯৮০০৬৫৬, ০১১৮৬৮৭৯৪, ৯৮০০৬৫৫, ০১৭৫৩৮০০৮, ০১৭৫৩৮০০৯, ০১৭৫৩৮০০১০, ৯৮০০৬৫১, ৯৮০০৬৫২, ৯১১০২৬১, ৯৮০০৬৭৮, ৯৮০০৬৫৮-৬২ নম্বর টেলিফোনে যোগাযোগ করার জন্য পরামর্শ দেওয়া হইয়াছে।

ব্রাহ্মণবাড়িয়া সংবাদদাতা জানান, ডিগ্রী পরীক্ষার ব্রাহ্মণবাড়িয়া সরকারী কলেজ কেন্দ্রে ৭৩৪ জন পরীক্ষার্থীর মধ্যে গতকাল পর্যন্ত ১৩ জন পরীক্ষার্থীর প্রবেশপত্র আসে নাই। ১৭ জন পরীক্ষার্থীর ডুপ্লিকেট প্রবেশপত্র আসিয়াছে। ফিরোজমিয়া কলেজে বিএসসি নাই। অথচ এই কলেজে বিএসসি পরীক্ষায় একজন ছাত্রের নামে প্রবেশপত্র আসিয়াছে।

বরগুনা (দক্ষিণ) সংবাদদাতা জানান, আমতলী ডিগ্রী কলেজে চারজন পরীক্ষার্থীর প্রবেশপত্র না আসায় অর্ধশতাধিক বিক্ষুব্ধ ছাত্র গতকাল কলেজের অধ্যক্ষকে ঘেরাও করিয়া অশ্লীল মন্তব্য করে। পুলিশের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। অধ্যক্ষ মোঃ আব্দুস ছোবহান বলেন, এই চারজন গত বৎসরের পরীক্ষায় অকৃতকার্য ছিল। রেজিষ্ট্রেশন ফরম পূরণে ক্রটি থাকার কারণে তাহাদের প্রবেশপত্র আসে নাই।